গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) ইউনিট

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	চন্দন কুমার দে অতিরিক্ত সচিব
সভার তারিখ	১৫ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ।
সভার সময়	দুপুর ১২.০০ ঘটিকা।
স্থান	অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) মহোদয়ের কক্ষ (ভবন নং-০৭, কক্ষ নং-৬২৭), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (পরিশিষ্ট-ক) সদয় দ্রষ্টব্য।

পরিশিষ্ট-ক,

২। সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি এ বিভাগের সিস্টেম এনালিস্ট'কে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সার্বিক বিষয়ে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

৩। সভাপতির অনুমতিক্রমে সিস্টেম এনালিস্ট সভায় উপস্থিত এ বিভাগের ইনোভেশন টীমের সদস্যদের নিকট ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ কর্মপরিকল্পনার সকল কর্মসম্পাদন সূচক উপস্থাপন করেন।

অতঃপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	আলোচনার বিষয়	সিদ্ধান্তসমূহ
১	[১.১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যুনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন।	দৈনন্দিন কর্মসূচি (সভাকক্ষ/সচিব/অতিরিক্ত সচিব/যুগ্মসচিব মহোদয়গণ) শীর্ষক একটি ডিজিটাইজকৃত সেবা/উদ্ভাবনী ধারণা আগামী ১৫/০৪/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে বাস্তবায়ন করতে হবে। উক্ত সেবাটি এবিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতির অন্তর্ভুক্ত করতে হবে।
২	[১.২.১] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতকরণ।	আগামী ১৩/১০/২০২২ খ্রি. তারিখের মধ্যে এবিভাগের ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করে স্ক্রীনশটসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।
৩	[১.৪.১] ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়ন।	৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য এবিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা হতে একটি নির্দিষ্ট ছকের মাধ্যমে ৪র্থ শিল্প বিপ্লবের প্রতিটি কম্পোনেন্টের উপর আগামী ২৫/০৯/২০২২ তারিখের মধ্যে মতামত চেয়ে পত্র প্রদান করতে হবে। উক্ত মতামত পাওয়ার পর আগামী ২৯/০৯/২০২২ তারিখ এ বিভাগের সম্মেলন কক্ষে “৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় কর্মপরিকল্পনা প্রণয়ন” বিষয়ক এক কর্মশালা আয়োজন করতে হবে।
৪	[২.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ (ত্রৈমাসিক ভিত্তিতে)।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের তথ্য বাতায়ন হালনাগাদপূর্বক ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। এ বিভাগের তথ্য বাতায়নে আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ওয়েব লিংক রাখতে হবে। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী সংক্রান্ত আওতাধীন দপ্তর/সংস্থার বিভিন্ন প্রকাশনাসমূহ এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

৫	[২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	২০২২-২৩ অর্থবছরে কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ০৪টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। আগামী অক্টোবর মাসের মধ্যে ন্যুনতম ০১টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

৪। অতঃপর, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

চন্দন কুমার দে
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৪৩.১৬.০০৩.২২.২৫৯

তারিখ: ৩ আশ্বিন ১৪২৯
১৮ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
২) উপসচিব (প্রশাসন), প্রশাসন অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৩) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৪) সিস্টেম এনালিস্ট , আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৫) প্রোগ্রামার, আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৬) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও বাজেট অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

আশিক ফরহাদ তিলক
সহকারী প্রোগ্রামার

১৫ সেপ্টেম্বর ২০২২ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার দুপুর ১২:০০ ঘটিকায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ পর্যালোচনা সংক্রান্ত সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা:

ক্রমিক নং	নাম,পদবী ও প্রতিষ্ঠান	ই-মেইল এড্রেস ও মোবাইল নম্বর	স্বাক্ষর ও তারিখ
১।			
২।	মো: মোতাদিম বিল্লাহ যুগ্মসচিব, RDCD	01716008445	[signature] ১৫/০৯/2022
৩।	মোহাম্মদ আলোয়ার হোসাইন উপসচিব, RDCD	01712186912	[signature] ১৫/০৯/2022
৪।	প্রকৌ: মো: মোনায়েম উদ্দিন সিস্টেম এনালিস্ট	01711269270	[signature] ১৫/৯/2022
৫।	আফরিন মোহাম্মদ আঁখি প্রোগ্রামার	০১৯২৫-৫৬৩৭৬০	[signature] ১৫/০৯/2022
৬।	আশিক ফরহাদ তিলক সহকারী প্রোগ্রামা, RDCD	asst.prog1@rdcd.gov.bd 01790104995	[signature] ১৫/০৯/২০২২
৭।			
৮।			
৯।			
১০।			
১১।			

Scanned with CamScanner